



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নাটোর।



ওয়েব সাইট: www.eed.natore.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন উপলক্ষ্যে 'নৈতিকতা কমিটির'
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আসাদুজ্জামান
নির্বাহী প্রকৌশলী
নাটোর।

স্থান: নির্বাহী প্রকৌশলী ইইডি'র অফিস কক্ষ

তারিখ: ০১ আগস্ট, ২০২৩খ্রি. রোজ মঙ্গলবার

সময়: বিকাল ৩.০০ টা

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আঃ হালিম, সহকারী প্রকৌশলীকে সভার এজেন্ডা উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভায় শুদ্ধাচার কৌশল কি, এর গুরুত্ব ও তাৎপর্য নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়।

- সিদ্ধান্ত-০১: আগামী মিটিং-এর আগে ওয়েবসাইটের হালনাগাদকরণ অগ্রগতি ১০০% করার জন্য কম্পিউটার অপারেটরকে দিক নির্দেশনা দেওয়া হয়।
- সিদ্ধান্ত-০২: বর্তমান ফোকাল পয়েন্ট কর্মকর্তার অনুপস্থিতিতে যেন কমিটির কাজে ব্যাঘাত না ঘটে তাই কমিটিতে একজন বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নাটোর এর নাম সুপারিশ করা হয়।
- সিদ্ধান্ত-০৩: সেবা গ্রহীতাগণ যাতে নির্বিঘ্নে তাদের অভিযোগ অত্রাফিসে দাখিল করতে পারেন সেজন্য অত্রাফিসে অভিযোগ বক্স ব্যবস্থা চালুর সিদ্ধান্ত গৃহীত হয়।
- সিদ্ধান্ত-০৪: তথ্য সেবাদানের রেজিস্টার চালু করে সেবা প্রত্যাশিগণের মন্তব্য লিপিবদ্ধ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ বিষয়ে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আসাদুজ্জামান
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নাটোর।

স্মারক নং-৩৭.০৭.৯৪০০.০০১.০১.০০১.২৩- ২৫৬৮(২)

তারিখ: ০১.০৮.২০২৩খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
০৩। অফিস কপি।


মোঃ আসাদুজ্জামান
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নাটোর।